

## ওডারল্যান্ড বীরপ্রতিকের সমাধিতে বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া'র নেতৃত্বে



-ছবি: সোনার বাংলা

**বাসভূমি রিপোর্ট:** বাংলাদেশের গৌরবময় মুক্তিযুদ্ধে একমাত্র বিদেশি W.S.Ouderland, যিনি পাকিস্তান হানাদারদের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে অংশগ্রহণ করেন। বীরত্বের জন্য তাকে বীরপ্রতিক উপাধিতে ভূষিত করা হয়।

গত ২৮ অক্টোবর, শুক্রবার বিকাল ৪.৩০ মিনিটে পার্থের Karrakatta Cemetery -তে বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া'র সভাপতি ব্যারিস্টার সিরাজুল হক ও সাধারণ সম্পাদক পি এস চুম্ব'র মেত্তে ১৯৭১ সালে বাংলাদেশের গৌরবময় মুক্তিযুদ্ধে একমাত্র বিদেশি বীরমুক্তিযোদ্ধা W.S.Ouderland Birpratik-এর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর এক মিনিট দাঢ়িয়ে নীরবতা পালনের মাধ্যমে তার আত্মার শান্তি কামনাসহ এই বীর সেনানীর অবদানের কথা শুন্ধাচিত্তে অরন করা হয়। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া'র সহ-সভাপতি গাউসুল আলম শাহজাদা, সিনিয়র জয়েন্ট সেক্রেটারী গিয়াস উদ্দিন মোল্লা, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী শিকদার, পার্থ আওয়ামীলীগের সভাপতি ড. রফিস উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক বদরুল আলম বিপ্লব, বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া'র সাধারণ সম্পাদক অপু সারোয়ার, কার্যকরী সদস্য মাহবুবুর রহমান রতন প্রমুখ।

এছাড়াও এ সময় বাংলাদেশ থেকে কমনওয়েলথ সম্মেলনে আগত বিভিন্ন সংবাদ মাধ্যমের সম্পাদকসহ রিপোর্টাররা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, যুগান্তর সম্পাদক জনাব সাইফুল আলম, সংবাদের ব্যাবস্থাপনা সম্পাদক কাশেম হুমায়ুন, বৈশাখী টেলিভিশনের মুখ্য কর্মকর্তা, সাংবাদিক আবিদ রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।